# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

### কারাগারে ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেপ্তার লেখক মুশতাক আহমদের মৃত্যু: হিউম্যান রাইটস ফোরাম বাংলাদশে (এইচআরএফবি)'র তীব্র ক্ষোভ এবং নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করার জোর দাবি

**[২৬ ফেব্রুয়ারি ২০২১]** র‍্যাবের দায়ের করা ডিজিটাল নিরাপত্তা আইনে প্রায় সাড়ে নয় মাস কারাগারে থাকার পর ২৫ ফব্রেুয়ারি ২০২১ লখেক মুশতাক আহমেদ কারাগারে মৃত্যু বরণ করছেন। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তাঁর মৃত্যুতে গভীরভাবে মর্মাহত। ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহারের পরিণতিতেই লেখক মুশতাক আহমদের মৃত্যু হয়েছে উল্লেখ করে ফোরাম একটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তসাপক্ষে তাঁর মৃত্যুর প্রকৃত কারণ জনসম্মুখে প্রকাশ করার জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি একই মামলায় গ্রেপ্তার কার্টুনিস্ট আহমেদ কবির কিশোরকে অনতিবিলম্বে মুক্তি প্রদানের আহ্বান জানাচ্ছে।

২০২০ সালের মে থেকে মুশতাক আহমেদ এ কালো আইনের অধীনে কারাগারে ছিলেন। এর মধ্যে ছয়বার তাঁর জামিনের আবেদন করা হলেও তা বাতিল হয়ে যায়। গত ২৩ ফেব্রুয়ারি তিনি আদালতে হাজিরা দিতে আসেন, সেসময়ও তাকে অসুস্থ দেখাচ্ছিল বলে তার স্বজনরা গণমাধ্যমকে জানিয়েছেন। কিন্তু তিনি জামিন পাননি। একই মামলায় কার্টুনিস্ট আহমেদ কবির কিশোরও কারাগারে রয়েছেন। তাঁর পরিবারের পক্ষ থেকে বেশ কয়েকবার জামিনের আবেদন করা হলেও এখনো জামিন মেলেনি। ইতোমধ্যে তাঁর শারীরিক অবস্থার বেশ অবনতি হয়েছে। পরবিাররে পক্ষ থেকে কারাগারে তাঁকে নির্যাতন করার গুরুতর অভিযোগ উঠেছে।

ফোরাম দীর্ঘদিন ধরে বলে আসছে, সংবিধানে এবং মানবাধিকার সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক মানদণ্ডে সুস্পষ্ঠভাবে স্বাধীন চিন্তা ও মতপ্রকাশ, তথ্য পাওয়ার অধিকার ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হলেও বাংলাদেশে বর্তমানে ডিজিটাল নিরাপত্তা আইনের ব্যাপক অপব্যবহার এ অধিকারগুলোকে মারাত্মকভাবে খর্ব করছে। উল্লেখ্য, এ আইনটি গৃহীত হওয়ার পূর্ব থেকেই এর কয়েকটি ধারা সম্পর্কে নাগরিক সংগঠন, মানবাধিকার কর্মী ও গণমাধ্যমকর্মীরা জোরালো প্রতিবাদ জানিয়ে আসছে কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রীদের প্রতিশ্রুতি শর্তেও আজ আড়াই বছর পরও আইনটি সংশোধনের জন্য কোন উদ্যোগ নেয়া হয়নি। বরং আইনটির অপব্যবহার উদ্বেগজনকভাবে বেড়েছে। এ আইনের মাধ্যমে একদিকে মানুষ ন্যায্য অধিকার ভোগ করতে পারছে না, অন্যদিকে ন্যায়বিচার পাওয়ার অধিকার থেকেও বঞ্চিত হচ্ছে। এ আইনটি একটি মূর্তিমান আতংকে পরিণত হয়েছে যা সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালন, জনগণরে চিন্তা,বিবেক বা বুদ্ধির চর্চা বা বিকাশের অন্তঃরায় হয়ে দাঁড়িয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহারের পরিণতিতেই লেখক মুশতাক আহমদের মৃত্যু হয়েছে। তাই যারা এই অপব্যবহারের জন্য দায়ী, তাদের জবাবদিহিতা নিশ্চিত করা অতীব জরুরি। একই সাথে কারাগারে তাঁর ওপর কোনো নির্যাতন হয়েছে কি না, তাকে কি ধরণের চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে তা খতিয়ে দেখা আবশ্যক। তাছাড়া, মুশতাক আহমদের মৃত্যু জরুরি ভিত্তিতে এ আইনটি সংশোধনের প্রয়োজনীয়তা আবারো সামনে নিয়ে এসেছে। এ পরিস্থিতিতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) সরকাররে কাছে নিম্নোক্ত দাবিসমূহ তুলে ধরছে-

১. **দ্রুততার সাথে কারাগারে লেখক মুশতাক আহমদের মৃত্যুর ঘটনার সুষ্ঠু ও নিরপক্ষে তদন্ত নিশ্চিত করা এবং তদন্তের ফলাফল জনসম্মুখে প্রকাশ করা;**

২. **কারাগারে অসুস্থ কার্টুনিস্ট কিশোরকে অনতিবিলম্বে মুক্তি প্রদান করা;**

৩. **সংশ্লিষ্ট সব পক্ষের সাথে আলোচনাসাপেক্ষে তাদের পরার্মশ অনুযায়ী জরুরি ভিত্তিতে ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন করা।**

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org

**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS),** Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).